

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি'র সভা'র কার্যবিবরণী

সভাপতি : মনীন্দ্র কিশোর মজুমদার
যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ
তারিখ : ২৫.০৮.২০২১ খ্রিষ্টাব্দ
সময় : বেলা ০৩.০০ টা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ পর্যায়ে সভাপতি কমিটির সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব (অডিট)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-১: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদকরণ

২. আলোচনার প্রারম্ভে সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত সূচকে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণে বিষয়ে বলা হয়েছে।

২.১ সিদ্ধান্ত: ৩০ সেপ্টেম্বর'২০২১ এর মধ্যে সংশ্লিষ্ট শাখা, অধিশাখা ও অনুবিভাগ হতে তথ্য সংগ্রহপূর্বক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি'র হালনাগাদকৃত খসড়া প্রস্তুত করতে হবে।
বাস্তবায়নে: সিনিয়র সহকারী সচিব (অডিট)

আলোচ্যসূচি-২: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ প্রণয়ন

৩. সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত সূচক সমূহ বাস্তবায়নের লক্ষ্যে একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে।

৩.১ সিদ্ধান্ত: ৩০ সেপ্টেম্বর'২০২১ এর মধ্যে সংশ্লিষ্ট শাখা, অধিশাখা ও অনুবিভাগ হতে তথ্য সংগ্রহপূর্বক এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি'র বাস্তবায়নের নিমিত্ত খসড়া কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে।

বাস্তবায়নে: সিনিয়র সহকারী সচিব (অডিট)

আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সিদ্ধান্তসমূহের যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

২৫.০৮.২০২১

মনীন্দ্র কিশোর মজুমদার

যুগ্মসচিব (প্রশাসন)

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ


নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০১.২০-১৪০

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আ: উপসচিব, সুশাসন অধিশাখা]

২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. উপসচিব (টোল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৬. সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি, অডিট, প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. অফিস কপি।


২৫.০৮.২০২৩

(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ০২-৯৫৭৫৫২৮

ই-মেইল : dsaudit@rthd.gov.bd